

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

পিএসডি সার্কুলার নং : ০৩/২০১৮

১২ জুলাই ২০১৮
তারিখ : -----
২৮ আষাঢ় ১৪২৫

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**Near Field Communication (NFC) প্রযুক্তিতে Contactless Payment Service দ্বারা
কার্ড-ভিত্তিক লেনদেনের অনুমতি প্রদান এবং এর নিরাপত্তা নিশ্চিতকরণ, ঝুঁকি হ্রাস ও গ্রাহক সচেতনতা বৃদ্ধি প্রসঙ্গে।**

তথ্য প্রযুক্তির বিকাশের সাথে সাথে দেশে ইলেকট্রনিক ব্যাংকিং সেবার উপর নির্ভরশীলতা তথা কার্ড-ভিত্তিক লেনদেন ক্রমান্বয়ে গ্রাহকের নিকট জনপ্রিয় হচ্ছে। ইলেকট্রনিক পেমেন্ট ব্যবস্থার এই অগ্রগতির ধারা অব্যাহত রাখতে জনসাধারণকে ইলেকট্রনিক পেমেন্ট পদ্ধতি ব্যবহারে অধিকতর উদ্বুদ্ধকরণের পাশাপাশি গ্রাহকদের স্বার্থ সংরক্ষণ, নিরাপত্তা নিশ্চিতকরণ, ঝুঁকি হ্রাস ও গ্রাহক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্ডের মাধ্যমে Near Field Communication (NFC) প্রযুক্তিতে Contactless Payment Service দ্বারা সংঘটিত ইলেকট্রনিক লেনদেনের নিরাপত্তা জোরদার এবং এর সুশৃঙ্খল ও যথাযথ ব্যবহার নিশ্চিতকরণসহ এ ধরনের কার্ডের মাধ্যমে প্রতিটি লেনদেনের সর্বোচ্চ সীমা নির্ধারণসহ Personal Identification Number (PIN)/2nd Factor Authentication (2FA)- এর বাধ্যবাধকতা পুনর্বিবেচনা করা হয়েছে। এরই প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২ (সংশোধিত ২০০৩)-এর 7 A(e), ব্যাংকিং কোম্পানি আইন ১৯৯১ (সংশোধিত ২০১৩)-এর ৪৯(১)(ঙ) ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত “Guidelines on ICT Security for Banks and Non Bank Financial Institutions” এর আলোকে বিভিন্ন প্ল্যাটফর্ম-এর তদারকি ও তত্ত্বাবধানে ইতঃপূর্বে জারিকৃত সার্কুলার ও অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত রেখে এ সার্কুলার জারি করা হল।

১. কেবলমাত্র EMVCo Compliant ক্রেডিট কার্ডে NFC প্রযুক্তি ব্যবহার করে লেনদেন পরিচালনা করা যাবে।
২. NFC প্রযুক্তির মাধ্যমে সংঘটিত ক্রেডিট কার্ড-ভিত্তিক লেনদেনের সর্বোচ্চ সীমা ৩,০০০/০০ (টাকা তিন হাজার) মাত্র নির্ধারণ এবং উক্ত সীমার মধ্যে শুধুমাত্র NFC প্রযুক্তির কার্ড-ভিত্তিক লেনদেনের জন্য PIN/2FA ব্যবহারের বাধ্যবাধকতা শিথিল করা হল। তবে SMS এলাট সার্ভিসের মাধ্যমে এ ধরনের প্রতিটি লেনদেনের তথ্য তাৎক্ষণিকভাবে গ্রাহককে অবহিত করতে হবে।
৩. দেশের অভ্যন্তরে সকল ধরনের মার্চেন্ট অবস্থানে এ প্রযুক্তির লেনদেনের জন্য উল্লিখিত নির্ধারিত সীমা প্রযোজ্য হবে।
৪. উল্লিখিত সীমার বাইরে এ ধরনের কার্ডের মাধ্যমে সংঘটিত সকল লেনদেন Contact এবং PIN/2FA-ভিত্তিক হবে।
৫. গ্রাহকের পূর্বানুমতি ব্যতীত গ্রাহকের অনুকূলে ইস্যুকৃত NFC প্রযুক্তিনির্ভর কার্ডে লেনদেন কার্যকর করা যাবে না। গ্রাহক তার নিজস্ব পছন্দ অনুযায়ী NFC এর সীমার নিচের লেনদেনও Contact এবং PIN/2FA এর মাধ্যমে লেনদেন করতে

পারবে এবং এ ধরনের লেনদেন সম্পাদনের ক্ষেত্রে গ্রাহককে Issuing এবং Acquiring উভয় ব্যাংকই পূর্ণ সহযোগিতা করবে। অর্থাৎ কোনভাবে গ্রাহককে NFC প্রযুক্তিতে লেনদেনে বাধ্য করা যাবে না।


৬. NFC প্রযুক্তি সম্বলিত কার্ড ইস্যুকারী ব্যাংক পছন্দমত তার নিজস্ব কার্ড গ্রাহকদের NFC প্রযুক্তির লেনদেনের সীমা উল্লিখিত সর্বোচ্চ সীমার নিচেও নির্ধারণ করতে পারবে।
৭. NFC প্রযুক্তিযুক্ত কার্ড ইস্যুকারী ব্যাংকসমূহ গ্রাহক সচেতনতার লক্ষ্যে NFC প্রযুক্তিযুক্ত সকল কার্ড, মার্চেন্ট অবস্থান (Merchant Point) এবং Point of Sale(POS) মেশিনে দৃশ্যমান “Contactless logo” প্রদর্শনের ব্যবস্থা করবে, যাতে সহজেই NFC প্রযুক্তিযুক্ত কার্ড অন্য কার্ড থেকে পৃথক করা সম্ভব হয় এবং এ ধরনের কার্ডের মাধ্যমে লেনদেন গ্রহণকারী মার্চেন্টকে সহজেই সনাক্ত করা যায়। NFC প্রযুক্তিযুক্ত কার্ডের বৈশিষ্ট্য, নিরাপদ ব্যবহার বিধি, লেনদেনের সীমা এবং ঝুঁকি সম্পর্কে স্পষ্টভাবে অবহিত করবে।
৮. ব্যাংকসমূহকে হারিয়ে যাওয়া/চুরি হওয়া NFC প্রযুক্তিযুক্ত কার্ড সম্পর্কে গ্রাহকের নিকট হতে একাধিক উপায়ে (website/e-mail/SMS/Call Centre etc.) তথ্য/অভিযোগ গ্রহণের ব্যবস্থা রাখতে হবে। গ্রাহকের নিকট হতে যে কোন ধরনের অভিযোগ প্রাপ্তির সাথে সাথে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লিখিত শিথিলতাসমূহ নিম্নোক্ত ক্ষেত্রে প্রযোজ্য হবে নাঃ

- ATM Transaction এর যে কোন Amount এর লেনদেনের জন্য।
- Card Not Present transactions (CNP) এর যে কোন Amount এর লেনদেনের জন্য।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(লীলা রশিদ)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৭৪